গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং-৩২.০১.৯৩২৩.০১২.১৮.০৯১.২৩- ৭৬৪ তারিখ ঃ ০৭/০৮/২৩ খ্রি.

বিষয় ঃ **২০২৩-২৪ অর্থ বছরে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচন প্রসঙ্গে।**

সূত্র ঃ ৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০-২৯১ তারিখ ঃ ০১/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে নতুন উপকারভোগী নির্বাচনের নির্দেশনা রয়েছে। **সে প্রেক্ষিতে সদর কার্যালয় হতে প্রতি ইউনিয়নে প্রতি মাসে ৬ জন করে বরাদ্দ পাওয়া গিয়েছে।** নিম্নবর্নিত শর্তপূরণ সাপেক্ষে গর্ভবর্তী মহিলা নিজে ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০ টাকা ফি প্রদানের বিনিময়ে আবেদন করতে পারবেন (ইতিমধ্যে প্রতি ইউনিয়ন পর্যায়ে আই,ডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হয়েছে)। প্রতিমাসের ইউনিয়ন পর্যায়ে আবেদন গ্রহন ১-২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রাপ্ত আবেদন ২০-২৫ তারিখের মধ্যে ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরের সাথে তথ্য আবশ্যকীয়ভাবে যাচাই বাছাই পূর্বক ইউনিয়ন কমিটির সভার মাধ্যমে প্রাপ্ত প্রাথমিক তালিকা উপজেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

**ভাতাভোগী হওয়ার শর্ত ও যোগ্যতা ঃ**

**ক. জুলাই/২০২৩ থেকে আবেদনকারীদের ডাটা এন্ট্রি করা।**

খ. সুবিধাভোগীর জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক । জাতীয় পরিচয়পত্র ছাড়া কোন সুবিধাভোগী নিবন্ধিত হবেন না।

গ. সুবিধাভোগী মায়ের বয়স অবশ্যই ২০ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

ঘ. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা/পরিবার পরিকল্পনা দপ্তর প্রদত্ত এ.এন.সি কার্ড(এন্টি নেটাল কেয়ার কার্ড)

ঙ. নিজস্ব মোবাইল/এজেন্ট/অন লাইন ব্যাংক একাউন্টসহ আবেদন করবেন।

চ. শুধুমাত্র প্রথম বা দ্বিতীয় সন্তান গর্ভধারণকারী মা সুবিধাভোগী হবে। যদি প্রথম দুই সন্তানের জন্মের দুই বছরের মধ্যে মারা যায় তাহলে তৃতীয় বার ছর্ভধারণকারী মা এই সুভিধাভোগী হবেন।

জ. প্রতি মাসে যারা ৪-৬ মাসের গর্ভবর্তী তারা ভাতাভোগী হিসেবে ডাটা এন্ট্রি করতে পারবে।

ঝ. সরকারের আশ্রয়ন প্রকল্পে বসবাসকারী গর্ভবর্তী মহিলারা অগ্রাধিকার পাবে।

ঞ. অটিজম সহ সকল শারিরীক ও মানসিক প্রতিবন্ধী মা অগ্রাধিকার পাবেন।

ট. ভূমিহীন, বসত বাড়ী সহ সর্বোচ্চ ১৫ শতক অথবা কম জমি রয়েছে তাড়া অগ্রাধিকার পাবে।

ঠ. তাছাড়া স্বামী নিখোজ ও সদ্য বিধবা এই কর্মসূচীতে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবেন।

**ইউনিয়ন মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | সভাপতি |
| ২ | ইউনিয়ন পরিষদ সদস্যগণ(সাধারণ ও সংরক্ষিত) | সদস্য |
| ৩ | ইউনিয়ন সমাজ কর্মী, সমাজ সেবা কার্যালয় | সদস্য |
| ৪ | ইউনিয়ন স্বাস্থ্য সহকারী তথ্য সেবা সহকারী (তথ্য আপা প্রকল্প) | সদস্য |
| ৫ | ইউনিয়ন পরিবার পরিকল্পনা কর্মী | সদস্য |
| ৬ | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ( ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭ | সংশ্লিষ্ট ইউনিয়ন মহিলা উন্নয়ন কর্মী ( Union Women Development Worker) | সদস্য |
| ৮ | দু'জন উপারভোগী-ইউনিয়ন চেয়ারম্যান কর্তৃক মনোনিত | সদস্য |
| ৯ | আর্থিক সেবা প্রতিষ্ঠানের প্রতিনিধি | সদস্য |
| ১০ | ইউনিয়ন পরিষদের সচিব | সদস্য-সচিব |

০৭/০৮/২৩
দেওয়ান খায়রুন নাহার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
দেলদুয়ার, টাঙ্গাইল।

চেয়ারম্যান
----------------------------------- ইউনিয়ন পরিষদ
দেলদুয়ার, টাংগাইল।

স্মারক নং-৩২.০১.৯৩২৩.০১২.১৮.০৯১.২৩- তারিখ ঃ খ্রি.

সদয় আবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

৬. উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাংগাইল।
৭. উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাংগাইল।
৮. উপপরিচালক, মহিলা বিষয়ক আধিদপ্তর, টাঙ্গাইল।
৯. উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাংগাইল।
১০. অফিস কপি।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
দেলদুয়ার, টাঙ্গাইল।